

-: নবদ্বীপ পুরাতত্ত্ব পরিষদ পুথিশালা :-

ভারতের প্রাচীনতম শিক্ষাকেন্দ্রগুলির মধ্যে নবদ্বীপ অন্যতম। সুদীর্ঘকাল ধরে বংশ পরাম্পরায় সংস্কৃত ভাষায় জ্ঞান-বিজ্ঞানের সমস্ত শাখা-প্রশাখার চর্চা নবদ্বীপে হয়েছে। সেই সুবাদে প্রায় প্রত্যেক পন্ডিতের বাড়িতেই একটা করে পুথিশালা ছিল। এই বিশাল পুথির সম্ভার এখন আর নেই। অতীতে অনেক পুথি চরা দামে বিক্রি হয়ে গিয়েছে, লুকিয়ে চুরিয়ে বিক্রি হচ্ছে। অনেক পুথি নানা ভাবে নবদ্বীপের বাইরে চলে গিয়েছে, বহু পুথি পরবর্তী বংশধরদের অবজ্ঞা-অবহেলায় এবং অজ্ঞতায় নষ্ট হয়ে গিয়েছে। সংস্কার বসত অনেক উত্তরাধিকার না থাকায় বংশ পরাম্পরায় রক্ষিত পুথি গঙ্গায় বিসর্জন দিয়ে পাপ মুক্ত হয়েছেন। তৎসত্ত্বেও অনুমতি হয় এখনও বহু পুথি নবদ্বীপের বিভিন্ন বাড়িতে ছড়িয়ে-ছিটিয়ে আছে। সেই সব পুথি গুলি সংগ্রহ করে আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে বর্গীকরণ ও সংরক্ষণের চেষ্টা করা হচ্ছে। বর্তমানে আমাদের সংগৃহীত পুথির সংখ্যা ১২৫ টি। তারমধ্যে ১৫৭৮ খ্রিষ্টাব্দে অনুলিপি করা পুথি “আনন্দ লহরীব্যাখ্যা” ১ প্রস্থ এবং কৃষ্ণানন্দ আগমবাগীশের “বৃহৎতন্ত্রসার” - এর অনুলিপি করা পুথি ২ প্রস্থ আমাদের সংগ্রহে আছে।